**Times Today BD**

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 08 May, 2025

ডেনমার্কভিত্তিক শিপিং ও লজিস্টিকস প্রতিষ্ঠান এপি মোলার মায়েস্ক (এপিএম) চট্টগ্রাম বন্দরের লালদিয়া কনটেইনার টার্মিনাল নির্মাণে ৮শ মিলিয়ন ডলার বিনিচট্টগ্রাম বন্দরের লালদিয়া কনটেইনার টার্মিনাল নির্মাণে ৮শ মিলিয়ন ডলার বিনিয়োগ করতে যাচ্ছে বলে জানিয়েছেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) চেয়ারম্যান ও বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী।

প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম-এর সাথে বৃহস্পতিবার (৮ মে) সকালে চট্টগ্রাম বন্দরের লালদিয়া টার্মিনাল পরিদর্শন শেষে বিদা চেয়ারম্যান আশিক চৌধুরী এসব কথা বলেন। এ সময় প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম, উপ প্রেস সচিব মোহাম্মদ আবুল কালাম আজাদ মজুমদার, চট্টগ্রাম বন্দরের চেয়ারম্যান রিয়ার অ্যাডমিরাল এসএম মনিরুজ্জামান উপস্থিত ছিলেন।

লালদিয়া টার্মিনাল পরিদর্শন শেষে আশিক চৌধুরী বলেন, 'এই প্রকল্পে প্রায় ৮শ মিলিয়ন ডলার প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ (এফডিআই) আসবে। বাংলাদেশের পক্ষ থেকে এখানে কোনো বিনিয়োগ করা হবে না'।

তিনি আরও বলেন, 'বাংলাদেশকে একটি উৎপাদন কেন্দ্র হিসেবে গড়ে তুলতে হলে বন্দর সমূহের উন্নয়ন জরুরি।এজন্য বিশ্বসেরা বন্দর পরিচালনাকারী প্রতিষ্ঠানগুলোর সাথে আমাদের কাজ করতে হবে'।

প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম-এর সাথে তিনি বৃহস্পতিবার চট্টগ্রামের বিভিন্ন স্থাপনা পরিদর্শন করেন।এদিন বিকেল ৪টা ৩০ মিনিটে একটি সংবাদ সম্মেলন হওয়ার কথা রয়েছে।

২০২৪ সালে লালদিয়া টার্মিনালে কার্যক্রম শুরু করে এপিএম টার্মিনালস।শুরুতে ৩শ থেকে ৪শ মিলিয়ন ডলার বিনিয়োগের কথা থাকলেও আজ বেজা চেয়ারম্যান জানিয়েছেন, বিনিয়োগের পরিমাণ বাড়িয়ে ৮শ মিলিয়ন ডলার করা হয়েছে।

এপি মোলার মায়েস্ক-এর সহযোগী প্রতিষ্ঠান এপিএম টার্মিনালস বাংলাদেশে প্রথমবারের মতো পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) ও সরকার-থেকে-সরকার ভিত্তিতে বিওটি (বিল্ড-অপারেট-ট্রান্সফার) পদ্ধতিতে এই প্রকল্প বাস্তবায়ন করবে।

বিডা চেয়ারম্যান জানান, দেশে একটি মুক্ত বাণিজ্য অঞ্চল গঠনে একটি কমিটি গঠন করা হয়েছে এবং সম্ভাব্য স্থান হিসেবে আনোয়ারা পরিদর্শন করা হয়েছে।

আশিক চৌধুরী বলেন, 'আমাদের দেশে বার্ষিক এফডিআই ৭শ মিলিয়ন ডলারের বেশি নয়। একটি প্রকল্প থেকেই যদি ৮শ মিলিয়ন ডলারের বিনিয়োগ আসে, তবে তা আমাদের অর্থনীতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।এতে বিপুল কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে।বিডার পক্ষ থেকে আমরা এই প্রকল্পের অগ্রগতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছি।'

চট্টগ্রাম বন্দর

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:07

URL: https://timestodaybd.com/public/chittagong/2144775807